# জ্যোতিরিন্দ্র নন্দী : জীবনপঞ্জি ও গ্রন্থপঞ্জি

অনল পাল

১৯১২ : জন্ম ২০ আগষ্ট ( ৪ ভাদ্র, ১৩১৯ বঙ্গাব্দে) অবিভক্ত বাংলার কুমিল্লা জেলায়। বাবা অপূর্ব নন্দী ছিলেন ব্রাহ্মণবেড়িয়া হাই স্কুলের শিক্ষক। শিক্ষকতা পেশা ছেড়ে পরে আইনজীবী হন। মা চারুবালা নন্দী।

১৯১৩ : মাতামহর আবাস ছেড়ে জন্মের বছরখানেক পরে কুমিল্লা থেকে চলে আসেন বাবার কাছে ব্রাহ্মণবেড়িয়ায়।

১৯১৯ : স্কুলে ভর্তি হন। তাঁর স্কুল বাড়িটি দাঁড়িয়ে ছিল বাঁশেরবেড়া, টিনের চাল আর মাটির ভিটের উপর। স্কুলের ছুটি পড়লে কুমিল্লায় মামার বাড়ি চলে যেতেন।

১৯২১ : মাইনর স্কুলের তৃতীয় শ্রেণীর ছাত্র। মাইনর স্কুলে বার্ষিক পুরস্কার বিতরণীর সভায় আবৃত্তিতে প্রথম পুরস্কার পান।

১৯২৫ : আন্নদা হাই স্কুলের পঞ্চম শ্রেণির ছাত্র, ঐ সময় জলধর সেনের ‘বিশুদাদা’, ‘পাগলা’, ‘অভয়া’ —যতীন্দ্রমোহন সিংহের ‘ধ্রুবতারা’র মতো উপন্যাসগুলো পড়েছেন। এবং এই বিষয়ে তাঁর বাবার প্রশ্রয় তো ছিলই।

১৯২৬ : ব্রাহ্মণবেড়িয়া অন্নদা হাই স্কুলের সপ্তম শ্রেণির ছাত্র। স্কুলের পুরস্কার বিতরণীর অনুষ্ঠানে কবিতা আবৃত্তি করে প্রথম স্থান অধিকার করেন। পুরস্কার হিসাবে লাভ করেন রবীন্দ্রনাথের গল্পগুচ্ছের ১ম খণ্ড। স্কুল জীবনের দুই সহপাঠী অদ্বৈত মল্লবর্মন আর বাহাদুর খাঁ, এঁদের সঙ্গেও জ্যোতিরিন্দ্রর ঘনিষ্ঠতা ছিল।

১৯২৭ : অষ্টম শ্রেণিতে পড়ার সময় কাব্যচর্চা ছেড়ে ছোটোগল্প লেখার দিকে মনোযোগ দেন।

১৯৩০ : ব্রাহ্মণবেড়িয়া অন্নদা হাইস্কুল থেকে ম্যাট্রিকুলেশন পরীক্ষায় পাশ করেন। এবং কুমিল্লার ‘ভিক্টোরিয়া’ কলেজে আই. এস. সি পড়ার জন্য ভর্তি হন।

১৯৩১ : সন্ত্রাসবাদী আন্দোলনের সঙ্গে যুক্ত থাকার সন্দেহে পুলিশ তাঁকে গ্রেপ্তার করে। চার মাস কুমিল্লা জেলে থাকতে হয়। জেল থেকে ছাড়া পেলেও একবছর বাড়িতে অন্তরীণ অবস্থায় থাকতে হয়। এমনকি তাঁর সাহিত্যচর্চার উপরও নজরদারি রাখা শুরু হয়। ‘জ্যোৎস্না রায়’ ছদ্মনামে ‘সোনার বাংলা’ ও ‘বাংলার বাণী’ পত্রিকায় কয়েকটি গল্প লেখেন। ‘বাংলার বাণী’ পত্রিকায় ‘জার্নালিস্ট’ নামক গল্পটি পরিচিতি এনে দেয়।

১৯৩২ : আই.এস.সি পাশ করে ভিক্টোরিয়া কলেজে বি.এ. শ্রেণিতে ভর্তি হন। এবছরই সঞ্জয় ভট্টাচার্যের সম্পাদনায় বের হয় ‘পূর্ব্বাশা’ সাহিত্য পত্রিকা। এখানেই পরবর্তীকালে প্রকাশিত হবে তাঁর ‘খেলনা’ (১৯৮৬) নামক গল্পটি।

১৯৩৫ : ১৯৩৪ সালেই তাঁর বি.এ. পাশ করার কথা। কিন্তু পুলিশের নজরবন্দি থাকার জন্য ১৯৩৫ এ প্রাইভেটে বি.এ. পাশ করেন।

১৯৩৬ : এই সময় জ্যোতিরিন্দ্রি নন্দীর লেখা কয়েকটি গল্প পাঠকমহলেও সাড়া দেয়। ১৯৩৬-এ ‘পরিচয়’ পত্রিকায় প্রকাশিত হয় ‘নদীও নারী’ গল্পটি। আর সে বছরেই ‘দেশ’ পত্রিকায় প্রকাশিত হয় ‘রাইচরণের বাবরি’ গল্পটি।

১৯৩৭ : চাকরির আশায় কলকাতায় চলে আসেন। গোটা দুই টিউশনের কুড়ি-বাইশ টাকার উপর নির্ভর করে পাইস হোটেলে থাকতেন। স্বপ্ন দেখতেন সাহিত্যিক হবেন।

১৯৩৮ : বেঙ্গল ইমিউনিটিতে কয়েক মাস কাজ করেন। এরপর নয় মাস কাজ করেন ‘যুগান্তর’ পত্রিকার সাব এডিটর হিসাবে। যুগান্তর পত্রিকা প্রকাশিত হতো ডালহাউসি স্কোয়ারের ১/১ ভ্যানসিটার্ট রোডের বাড়ি থেকে। তারপর হঠাৎ একদিন এ পত্রিকার কাজ ছেড়ে চলে আসেন।

১৯৩৯ : যোগ দেন টাটা এয়ারক্রাফটে, তবে সেখানেও বেশিদিন ছিলেন না।

১৯৪০ : জে ওয়াল্টার টমসনের বিজ্ঞাপন বিভাগের কর্মচারী হিসাবে কাজ করেন, তবে খুব বেশি দিন নয়। মৌলানা আক্রম খাঁ সম্পাদিত ‘দৈনিক আজাম’ পত্রিকার সঙ্গে তিন বছর যুক্ত ছিলেন। ইন্ডিয়ান জুট মিলস অ্যাসোসিয়েশনের ইংরাজি ও বাংলা মুখপত্র ‘মজদুর’ সম্পাদনা করেন।

১৯৪৩ : ‘পূর্ব্বাশা’ পত্রিকায় ‘পঞ্চাশোর্ধ গল্পটি প্রকাশিত হয়।

১৯৪৬ : ১৭ ফেব্রুয়ারি কামিনীকুমার ধরচৌধুরী মধ্যমা কন্যা শ্রীমতী পারুলের সঙ্গে জ্যোতিরিন্দ্রর বিবাহ হয়। কামিনীকুমার ঐ সময় ৮০/১ সি হ্যারিসন রোডের বাড়িতে ভাড়া থাকতেন। স্ত্রীর মায়ের নাম ক্ষীরোদা দেবী। জ্যোতিরিন্দ্র ও পারুলের তিন সন্তান — স্মিতা (তোতা), দীপঙ্কর, তীর্থঙ্কর। বিবাহের আগে থাকতেন মেয়ুয়াবাজার কলাবাগান অঞ্চলের একটি বাড়িতে। বিয়ের পর চলে আসেন দর্জিপাড়ার ভাড়া বাড়িতে। পারুল প্রবেশিকা উত্তীর্ণা এবং বাঁশি বাজাতে পারতেন।

সঞ্জয় ভট্টাচার্যের উদ্যোগে ‘পূর্ব্বাশা’ প্রকাশনা থেকে তাঁর প্রথম গল্পগ্রন্থ ‘খেলনা’ (জ্যৈষ্ঠ, ১৩৫৩) প্রকাশ।

১৯৪৭ : ‘পূর্ব্বাশা পত্রিকায় ‘মঙ্গলগ্রহ’ (৯. ১০ মাঘ, ১৩৫৩) গল্পটি প্রকাশিত হয়।

১৯৪৮ : সাগরময় ঘোষের উৎসাহে ‘দেশ’ পত্রিকার থেকে ‘সূর্যমুখী’ উপন্যাসটি ধারাবাহিক ভাবে প্রকাশিত হয়।

১৯৫১ : সাপ্তাহিক ‘জনসেবক’ পত্রিকা দৈনিক পত্রিকায় পরিণত হয়। ‘জনসেবক’-এর দপ্তর ছিল ১৮ এ হরিতকী বাগান লেন, পরে ১০৫/৭ এ সুরেন ব্যানার্জী রোডে লোটাস সিনেমা হলের পাশে চলে যায়। এখানে জ্যোতিরিন্দ্র সাব-এডিটর হিসাবে কর্মরত ছিলেন। তিনি মূলত নেতৃত্বের ইংরাজি ভাষণের বাংলা অনুবাদ করতেন। সহকর্মী হিসাবে পান তরুণ কবি সুনীল গঙ্গোপাধ্যায়কে। সুনীল গঙ্গোপাধ্যায়ের মাধ্যমে কমলকুমার মজুমদারের সঙ্গে আলাপ হয় তাঁর

১৯৫৪ : ‘দেশ’ পত্রিকায় ধারাবাহিক ভাবে (২৯মে ১৯৫৪-৫ মার্চ ১৯৫৫) ‘বারো ঘর এক উঠোন’ উপন্যাসটি প্রকাশিত হয়।

১৯৫৮ : ‘চতুরঙ্গ’ পত্রিকায় ধারাবাহিক প্রকাশের পর ইন্ডয়ান অ্যাসোসিয়েটেড পাবলিসিং কোম্পানী প্রাইভেট লিমিটেড থেকে ‘নীল রাত্রি’ উপন্যাসটি গ্রন্থরূপে প্রকাশ পায়।

১৯৬৫ : আনন্দবাজার পত্রিকা জ্যোতিরিন্দ্র নন্দীকে ‘সুরেশচন্দ্র স্মৃতি পুরস্কার’ দিয়ে সম্মানিত করে।

১৯৭৭ : তাঁর স্থায়ী গৃহ সমস্যার সমাধান হয় কল্যাণ চৌধুরীর উদ্যোগে। কল্যাণ চৌধুরীর তৎপরতায় পিকনিক গার্ডেন্সে সরকারি আবাসনে একটি দু-কামরার বাসস্থান পান ব্লক এল/এ ফ্ল্যাট ৪ ঠিকানায়। শেষজীবন পর্যন্ত এখানেই রয়ে যান।

১৯৮২ : দীর্ঘদিন অন্ত্রের কর্কট রোগে অসুস্থ ছিলেন। ১ আগস্ট অপারেশনের জন্য ভর্তি হন হ্যারিংটন নার্সিংহোমে। ৩ আগস্ট জ্যোতিরিন্দ্র নন্দী প্রয়াত হন।

**গ্রন্থপঞ্জি**

‘খেলনা’ (প্রথম গল্পগ্রন্থ), জ্যৈষ্ঠ ১৯৪৬, পূর্ব্বাশা, ১৩৫৩

‘সূর্যমুখী’ (প্রথম উপন্যাস), নববর্ষ, ১৩৫৯, ইন্ডিয়ান লিমিটেড, পৃ. ২৮৪, মূল্য/চার টাকা।

‘মীরার দুপুর’ (উপন্যাস), আগস্ট ১৯৫৩, ভাদ্র ১৩৬০, ‘নাভানা’ কলকাতা।

‘শালিক কি চড়ুই’ (গল্পগ্রন্থ’, ৭ বৈশাখ ১৩৬১, ১৯৫৪,

সংকলিত গল্প — নায়ক নায়িকা, খুকী, চড়ুই ভাতি, বধিরা, ভোলাবাবুর ভুল, খেলোয়াড়, চামড়া, ব্যঙ্গমা ব্যাঙ্গমী।

‘বারো ঘর এক উঠোন’ উপন্যাসটি ২৯মে থেকে ‘দেশ’ পত্রিকায় ধারাবাহিক ভাবে প্রকাশিত হয়। শেষ হয় ৫ মে, ১৯৫৫।

‘চার ইয়ার’ (গল্পগ্রন্থ) ১৯৬১।

‘চন্দ্রমল্লিকা’ (গল্পগ্রন্থ) ১৩৬১।

‘বন্ধুপত্নী’ (গল্পগ্রন্থ) বৈশাখ ১৩৬২

‘বারো ঘর এক উঠোন’ (উপন্যাস) ৭ চৈত্র, ১৩৬২, ১৯৫৫, ১ম দে’জ সংস্করণ— আশ্বিন ১৩৯৬, অক্টোবর ১৯৮৯, দে’জ পাবলিশিং, কলকাতা। পৃ-৩৮৭, মূল্য ৬০, উৎসর্গ : ‘অভিশপ্ত বারো ঘরের বাসিন্দাদের৪

‘ট্যাক্সিওয়ালা’ (গল্পগ্রন্থ) ১ বৈশখা, ১৩৫৩, ১৯৫৬।

‘গিরগিটি’ (গল্প) শারদীয়া দেশ, ১৩৬৩, ১৯৫৬। সংকলিত : দেশ শারদীয়া গল্প সংকলন ১৯৯০, ‘আনন্দ’, কলকাতা।

‘বনানীর প্রেম’ (গল্পগ্রন্থ) আষাঢ় ১৩৬৪।

‘প্রিয় অপ্রিয়’ (গল্পগ্রন্থ) ১৩৬৪, সংকলিত গল্প: কৈশোর, গিরগিটি, আটপৌরে, বুটকি-ছুটকি (চতুরঙ্গ, ১৯৫৫)।

‘পার্বতীপুরের বিকেল’ গল্পগ্রন্থ ( ১৩৬৫)।

‘নীল রাত্রি’ (উপন্যাস) ১৩৮০, ১৯৫৮, ইন্ডয়ান অ্যাসোসিয়েটেড পাবলিশিং কোং, মূল্য —৩.৫০ টাকা

‘গোলাপের নেশা’ (উপন্যাস) ১৩৬৬। [‘বনের রাজা’ (গল্প), শারদীয়া দেশ, আষাঢ় ১৩৬৬, ৪ জুলাই ১৯৫৯।]

‘গ্রীষ্মবাসর’ (উপন্যাস) ১৩৬৬, ‘ত্রিবেণী’ কলকাতা।

‘খালপোল ও টিনের ঘরের চিত্রকর’ (গল্পগ্রন্থ) ১৩৬৭। সংকলিত গল্প : কেষ্টনগরের পুতুল, পঞ্জু, মাছধরার গল্প, নীল পেয়ালা, খোলপোল ও টিরের ঘরের চিত্রকর।

‘পতঙ্গ’ (গল্পগ্রন্থ) ১৩৬৭।

‘মহিয়সী’ (গল্পগ্রন্থ) বৈশাখ, ১৩৬৭। উৎসর্গ — ‘সন্তোষকুমার যোষ বন্ধুবরেষু’, ‘শ্রীলেখা পাবলিশার্স’, কলকাতা, মূল্য ৩। সংকলিত গল্প — মহিয়সী, বনের রাজা, গুইনি, সিদ্ধেশ্বরের মৃত্যু।

‘নিশ্চিন্তপুরের মানুষ’ (উপন্যাস) চৈত্র, ১৩৬৭, উৎসর্গ— স্ত্রী পুরুল নন্দী।

‘মিত্র ও ঘোষ’ কলকাতা, পৃ. ২২৮।

‘পাশের ফ্ল্যাটের মেয়েটা’ (গল্পগ্রন্থ) ১৩৬৮। সংকলিত গল্প — তিনবুড়ি, গোঁয়ার, বৃষ্টির পরে, আপেল, সমুদ্র, উপহাস, মৌসুমী, পাশের ফ্ল্যাটের মেয়েটা।

‘দময়ন্তী’ (গল্পগুচ্ছ), দিনের গল্প রাত্রি গান ( গল্পগ্রন্থ)।

‘সমুদ্র অনেক দূর’ (উপন্যাস) ভাদ্র ১৩৬৯, পৃ—১৬০, মূল্য-৩্।

‘আলোর ভুবন’ (উপন্যাস) ভাদ্র ১৩৬৯, ‘মিত্র ও ঘোষ’ কলকাতা।

‘হৃদয়ের রঙ’ (উপ্যাস) ১৩৬৯।

‘শ্বাপদ শয়তান ও রূপালী মাছেরা’ (গল্পগ্রন্থ) ২৫ বৈশাখ ১৩৭০, ‘ভারবি’, মূল্য— ২ টাকা ৫০। সূচী— শ্বাপদ, গন্ধ, শয়তান, রূপালী মাছ।

‘স্বর্গোদ্যান’, ১৩৭১ (১৯৬৪) (উপন্যাস)

‘আকাশলীনা’ (উপন্যাস) ১৩৭১।

‘নিঃসঙ্গ যৌবন’ (উপন্যাস) শ্রাবন ১৩৭১।

‘নাগকেশরের দিনগুলি’ (উপন্যাস) জ্যৈষ্ঠ ১৩৭২, ‘ত্রিবেণী’ প্রকাশন প্রাইভেট লিমিটেড, কলকাতা।

‘মনের মতন’ (উপন্যাস) শ্রাবণ ১৩৭২।

‘প্রেমের চেয়ে বড়’ (উপন্যাস), ১৩৭৩, উৎসর্গ — মাকে, ১ম গ্রন্থতীর্থ সংস্করণ, ১৯৯৯। মূল্য —৯০ টাকা।

‘প্রণয় এক প্রাণ শিল্প’ (উপন্যাস), ১৯৬৬, ১৩৭৩, ‘রূপা’, কলকাতা, পৃ. ২০০, মূল্য— ড টাকা।

‘বনানীর প্রেম’ (উপন্যাস) ১৩৭৪।
‘অপারেশন’ (উপন্যাস) ১৩৭৪, ১৯৬৬।
‘অনুভার স্বপ্ন’ (উপন্যাস) শ্রাবণ, ১৩৭৪।
‘নীড়’ (উপন্যাস) ১৩৭৬।
‘ঝড়’ (উপন্যাস), ‘আনন্দ পাবিলিশার্স’ পৃ. ২৪৮, ১৩৭৬।
‘হরিণ মন’ (উপ্যাস) নববর্ষ ১৩৭৬, এপ্রিল ১৯৬৯।
‘সর্পিল’ (উপন্যাস) ১৩৭৬, ১৯৭০।
‘দুই সমুদ্র’ (উপনাস) ১৩৭৮।
‘দ্বিতীয় প্রেম’ (উপন্যাস), ১৩৭৮, ২য় সংস্করণ ১৯৭১, আনন্দ পাবলিশার্স, কলকাতা পৃ-৯৮, মূল্য ৩ টাকা।
‘এই তার পুরস্কার’ (উপন্যাস), জুলাই ১৯৭২, ২য় মুদ্রণ সেপ্টেম্বর ১৯৭৬, ‘আনন্দ পাবলিশার্স’ মূল্য —১৫ টাকা।
দে’জ পাবলিশিং ১৯৯৬, পৃ-৩২৩, পৃ ৩২৩, মূল্য ১০০ টাকা।
‘লাস্ট চ্যাপ্টার’ (উপন্যাস) ১৩৭৯।
‘রাবণবধ’ (উপন্যাস), ১৩৭৯, ডি.এম.লাইব্রেরি’, কলকাতা, পৃ-১৩৮, মূল্য— ৪টাকা।
‘হৃদয় জ্বালা’ (উপন্যাস), ১৩৭৯।
‘তিন পরী ছয় প্রেমিক’ (উপন্যাস), ১৩৭৯, ‘জ্যোতি প্রকাশন’ মূল্য— ৩টাকা।
‘রাঙ্গা শিমুল’ (উপন্যাস), বৈশাখ ১৩৮০, পুস্তক প্রকাশনী, কলকাতা, পৃ -১৪৭, মূল্য— ৫টাকা।
‘অভিনয়’ (উপন্যাস’, ১৩৮০, ‘রূপরেখা’, পৃ-২৩৮, মূল্য ১২ টাকা।
‘নীল রাত্রি’ (উপন্যাস), ১৩৮০, ‘ইন্ডিয়ান অ্যাসোসিয়েটেড’, কলকাতা, পৃ-১৮৪, মূল্য — ৪ টাকা।
বিশ্বাসের বাইরে’ (উপন্যাস), আষাঢ় ১৩৮০।
‘ছোটোপাখি নীল আকাশ’ (উপনাস), ২৫ বৈশাখ ১৩৮০, ‘মিত্র প্রকাশনী’, পৃ-১৮৩, মূল্য ১৫ টাকা
‘বনহরিণী’ (উপন্যাস), ১৩৮০, পূর্ণ প্রকাশন, পৃ-৭২, মূল্য ৩ টাকা।
‘সোনার ভোমরা’ (উপন্যাস), ১৩৮০, ১৯৭৪।
‘প্রেমিক’ (উপন্যাস), ১৩৮১, ১৯৭৪, ‘কলিকাতা পুস্তকালয়’, প-১০৩, মূল্য ৬ টাকা।
‘স্বাতী ও দীপূ’ (উপন্যাস), বৈশাখ ১৩৮২, ‘রবীন্দ্র লাইব্রেরী’, পৃ-২৩১, মূল্য ১২ টাকা।
‘যুবতীর মন নদী’ (উপন্যাস), শ্রাবণ ১৩৮২, আগস্ট ১৯৭৫, ‘বিশ্ববাণী প্রকাশনী’, কলকাতা, পৃ-১৫৩, মূল্য ৮টাকা।
‘কলিকাতার নট’ (উপন্যাস), ১৩৮২।
জ্যোতিরিন্দ্র নন্দীর শ্রেষ্ঠ গল্প (গল্প সংকলন), অগ্রহায়ণ ১৩৮৩, নভেম্বর ১৯৭৬, ‘ভারবি’ কলকাতা, পৃ-৩২৮, মূল্য ১৮ টাকা।
উৎসর্গ — শ্রী জগত বন্দ্যোপাধ্যায়, শ্রী সুনীল হাজরা, শ্রী বীরেশ্বর মুখোপাধ্যায়, শ্রী ধীমান দাশগুপ্ত। ভূমিকা — লেখক। নির্বাচিত গল্প — নদী ও নারী, শালিক ও চড়ুই, মঙ্গলগ্রহ, তারিণীর বাড়ি বদল, ট্যাক্সিওয়ালা, চোর, বনের রাজা, গিরগিটি, তিনবুড়ি, সমুদ্র, খালপোল ও টিনের ঘরের চিত্রকর, ভাত, আলো পাখি, সেই ভদ্রলোক, জীবন, ছাতা, অজগর, সামনে চামেলি।
‘সাঁকোর ওপরে নীরা ও সপ্তরথ’ (উপন্যাস), ১৩৮৩, ‘বিশ্ববাণী প্রকাশনী’, পৃ-১৫৩, মূল্য ৮ টাকা।
‘ছিদ্র’ (গল্পগ্রন্থ), ১৩৮৩ (১৩৮৪), ‘বাণীশিল্প’, কলকাতা, পৃ-১৪৬, মূল্য ৮ টাকা। সংকলিত গল্প — ছিদ্র, সোনার চাঁদ, বুনো ওল, ক্ষুধা, হিংসা।
‘শেষ বিচার’ (উপন্যাস), বৈশাখ ১৩৮৪, পৃ-৩০৭, মূল্য ১৮ টাকা।
‘আততায়ী’ (উপন্যাস), বৈশাখ ১৩৮৪, ‘বিশ্ববাণী প্রকাশনী’, পৃ-১২৭, মূল্য ৬ টাকা।
‘জীবনের স্বাদ’ (উপন্যাস) ১৩৮৪।
‘জ্যোৎস্নার খেলা’ (উপন্যাস) ১৩৮৪, ‘মৌসুমী প্রকাশনী’, কলকাত, পৃ-১৪৫, মূল্য ৭ টাকা।
‘মন বদলায়’ (উপন্যাস), ১৩৮৭, ‘ডি এম লাইব্রেরী’, পৃ-১৩৬, মূল্য ১০ টাকা।
‘সাদা ফুল কালো কীট’ (উপন্যাস) ১৩৭৮, ‘স্বরলিপি’, কলাকাত।
‘অবেলায়’ (উপন্যাস), ১৩৮৭।
‘আজ কোথায় যাবেন’, (গল্পগ্রন্থ), জুন ১৯৮০, ২য় মুদ্রণ মার্চ ১৯৯২, উৎসগ—স্বপন ও স্পিতাকে, ‘আনন্দ পাবিলিশার্স’, কলকাতা, পৃ-২১৮, মূল্য ৩৫ টাকা
সংকলিত গল্প — সোনালি দিন, আম কাঁঠালের ছুটি, দুই শিশু, লেডিজ ঘড়ি, আরসোলা, গোধূলী, ভালো ছেলে খারাপ ছেলে, চশমখোর, জিয়ন কাঠি মরণ কাঠি, আজ কোথায় যাবেন, গোপন গন্ধ।
‘জ্যাতিরিন্দ্র নন্দী গল্প সংগ্রহ, ১ম খন্ড, জ্যৈষ্ঠ ১৩৮৮, মে ১৯৮১। উৎসর্গ—শক্তি চট্টোপাধ্যায় প্রীতিভাজনেষু। সূচী—‘আমার সাহিত্যজীবন’, ভূমিকা লেখক। তাঁকে নিয়ে গল্প, একঝাঁক দেবশিশু, মহড়া, কেমন হাসি, হার, মাছি, ওয়াং ও খেলা ঘরে আমরা, সুখী মানুষ সংহার, ডলি মলি বসন্তকাল ও টি মজুমদার, গাছ, মিষ্টি, জ্বালা, বাবু, চাওয়া, নিঃশব্দ নায়ক, বন্ধু পত্নী, মঙ্গলগ্রহ, দৃষ্টি (পূর্ব্বাশা, ১৯৪৯)।
জ্যোতিরিন্দ্র নন্দীর গল্প সংগ্রহ, ২য় খণ্ড, বৈশাখ ১৩৮৯, এপ্রিল ১৯৮২। উৎসর্গ—পলাশ প্রিয়াকে। ‘বিশ্ববাণী’ প্রকাশনী, কলকাতা, পৃ২৭২, মূল্য ২৫ টাকা।

সূচী — তারিণীর বাড়ি বদল, মেয়ে শাসন, দুপুরের গল্প, মৌচাক, দু টুকরো কাপড়, প্রতিনিধি, নৈশভ্রমণ, দিগদর্শন, রাক্ষসী, পতঙ্গ, শ্বাপদ, গন্ধ, শয়তান, রূপালি মাছ, মহিয়সী, বনের রাজা।

জ্যোতিরিন্দ্র নন্দীর নির্বাচিত গল্প, সম্পাদনা ও ভূমিকা —ড. নিতাই বসু, বইমেলা জানুয়ারি ১৯৮৯, দে'জ পাবলিশিং, পৃ-৩০৬, মূল্য ৫০ টাকা।

সূচী — নদী ও নারী, রাইচরণের বাবরি, সমুদ্র, বৃষ্টির পরে, বনের রাজা, বন্ধুপত্নী, গিরগিটি, শ্বাপদ, তারিণীর বাড়িবদল, মঙ্গলগ্রহ, চোর, নীলপেয়ালা, চন্দ্রমল্লিকা, পার্বতীপুরের বিকেল, খালপোল ও টিনের ঘরের চিত্রকর, পতঙ্গ, পাশের ফ্ল্যাটের মেয়েটা, জ্বালা সামনে চামেলি, গাছ।

জ্যোতিরিন্দ্র নন্দীর অপ্রকাশিত গল্প, ড. নিতাই বসু, সম্পাদিত মহালয়া ১৯৯১, প্রত্যয় প্রকাশনী, কলাকাত, পৃ ২৫৬

সূচী — কালো বউদি, আপন ভাই, ম্যাজিক, ফুল ফোটার দিন, রূপকথার রাজা।

জ্যোতিরিন্দ্র নন্দীর বাছাই গল্প, সম্পাদনা সুব্রত রাহা, অজয় গুপ্ত, ১৯৯৩, বিবেক ভারতী, কলকাতা, পৃ ২৭২।

'মঙ্গলগ্রহ', পরকীয়া (গল্প সংকলন) সম্পাদনা সুনীল গঙ্গোপাধ্যায়, অশোককুমার মিত্র, ১৯৯৫, পুনশ্চ, কলকাতা।

'শ্বাপদ', সংকলিত : লিটিল ম্যাগাজিনের শ্রেষ্ঠ গল্প (১৯৪৭-৯৭), সম্পাদক সমীর চৌধুরী, আগস্ট ১৯৯৭, 'কথা ও কাহিনী' কলকাতা।

অগ্রন্থিত জ্যোতিরিন্দ্র (গল্পগ্রন্থ) সম্পাদনা ড. নিতাই বসু, ১৯৯৯, 'অভিজাত প্রকাশনী' কলাকাত, পৃ-২৮৫।

সূচী — নীলফুল, রঙের নেশা, আর এক বাবা, শিউলিগন্ধ, পুতুলের দেশে, বয়ফ্রেন্ড, আঙুলের টোকা, লাস্ট ট্রেন, ডাকা, ডাইনোসর, কাটের গাড়ি ও চাঁদ, শ্বেত পায়রা, প্রেমিক, আসমানী, মাছের গল্প, হাতের বাহাদুরী, বোন, আর ও একটি, ব্যূহভেদ, যুদ্ধ, পঞ্চাশোর্ধ্ব, প্রেত, পণ্য, মাটির শত্রু।

সম্রাজ্ঞী (গল্পগ্রন্থ), আই.এ.পি, মূল্য ১০ টাকা।

'স্ট্যাম্প', চতুরঙ্গ নির্বাচিত গল্প, সম্পাদনা — বিষ্ণু বসু ও আবদুর রউফ, জানুয়ারি ২০০১, নয়া উদ্যোগ, কলকাতা।

'রূপালি মাছ', প্রাপ্তবয়স্কের গল্প, সম্পাদনা সুনীল গঙ্গোপাধ্যায়, ভূমিকা—বিষ্ণু বসু, 'পুনশ্চ' কলাকাতা, ২০০৩।

'সন্দেশ' আনন্দসঙ্গী রবিবারের গল্প, আনন্দবাজার পত্রিকা সংকলন, আনন্দ, কলকাতা, জানুয়ারি ২০০৫।

'মঙ্গলগ্রহ', 'দৃষ্টি', 'বুটিক-ছুটকি', 'দুই ভাই' (দেশ, ১৯৭০) 'নীলফুল' (উল্টোরথ শারদীয়া, ১৯৭১)—পাঁচটি গল্প অনুষ্টুপ শারদীয় ২০০৭ জ্যোতিরিন্দ্র নন্দী ক্রোড়পত্রে সংকলিত হয়।

ঋণ স্বীকার :

১। জ্যোতিরিন্দ্র নন্দী : স্নিগ্ধ বন্দ্যোপাধ্যায়, পশ্চিমবঙ্গ ব্যালা আকাদেমি।

২। জ্যোতিরিন্দ্র নন্দী : জীবন ও গ্রন্থপঞ্জি : প্রভাতকুমার দাস অনুষ্টুপ প্রাক্ শারদীয় ২০০৯।